৪। দেহ-মন সম্পর্কে সমান্তরালবাদ সংক্ষেপে আলোচনা করো।

=> মিথস্ক্রিয়াবাদ ও উদাল্ল বাদের দোষ ত্রুটি গুলি দূর করে মন ও দেহের সম্পর্ক ব্যাখ্যা করার জন্য দার্শনিক স্পিনোজা যে মতবাদ প্রবর্তন করেন তা সমান্তরাল বাদ নামে পরিচিত। এই মতবাদ অনুসারে দেহ ও মনের মধ্যে কোনো ক্রিয়া প্রতিক্রিয়া সম্ভব নয়। দেহ ও মন পরস্পর নিরপেক্ষ। দেহের ও মনের কোনো একটি অপরকে প্রভাবিত করতে পারে না। দেহ ও মন পাশাপাশি থাকে যেমন দুটি সমান্তরাল সরল রেখা পাশাপাশি থাকে কখনো পরস্পর মিলিত হয় না ঠিক তেমনি দৈহিক ক্রিয়া মানসিক ক্রিয়া পাশাপাশি থাকলেও কোনো একটি অন্যটিকে প্রভাবিত করে না।

অদ্বৈতবাদী স্পিনোজার মতে ঈশ্বর হলেন এক ও অদ্বিতীয় সত্য। এই ঈশ্বরের অসংখ্য গুণ আছে। তার মধ্যে আমরা দুটি গুণকে জানতে পারি। এই দুটি গুণ হল চেতনা ও বিস্তৃতি, চেতনা ও বিস্তৃতি ঈশ্বর সত্তার দুটি সমান্তরাল গুণ। দেহে যখন কোন পরিবর্তন ঘটে তখন মনেও সেই পরিবর্তন দেখা যায়। আবার মনের পরিবর্তন হলে দেহেরও পরিবর্তন ঘটে। ঈশ্বরের মধ্যে দেহ ও মন পাশাপাশি থাকে। ঈশ্বরই প্রকৃতি বা জগৎ সেজন্যই জগতে দেহ ও মন পাশাপাশি দেখা যায়। সমান্তরালবাদ অনুসারে দেহ ও মন একই ঈশ্বরের দুটি দিক, এজন্য এই মতবাদকে দ্বিতত্ত্ববাদ ও বলা হয়।

দার্শনিক স্পিনোজার সমান্তরাল বাদকে সমর্থন করেন, তার মতে এক অজ্ঞেয় তত্ত্ব দেহ বা মনের আকারে প্রকাশিত হয়। এই অজ্ঞেয় তত্ত্বই দ্বৈতত্ত্ব কোন দৈহিক বা মানসিক তত্ত্ব নয়, দেহ ও মন এই অজ্ঞেয় তত্ত্বেরই দুই প্রকাশ।।